



বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি



মহকুমা শাসকের করণ, বিষ্ণুপুর, জেলা-বাঁকুড়া, পিন নং- ৭২২১২২, পশ্চিমবঙ্গ

Website : bishnupurmela.com Whatsapp: 6294043205 E-mail : bspmela@gmail.com

স্মারক নং : ১০২ / BM

তারিখ : ১৮ / ১১ / ২০২৪

অডিশনের বিজ্ঞপ্তি

বাঁকুড়া জেলা প্রশাসনের উদ্যোগে ও বিষ্ণুপুর মহকুমা প্রশাসনের তত্ত্বাবধানে মন্দিরনগরী বিষ্ণুপুরে ৩৭-তম বিষ্ণুপুর মেলা - ২০২৪ আগামী ২৩-২৯শে ডিসেম্বর ও বাঁকুড়া জেলা সবলা মেলা- ২০২৪ অনুষ্ঠিত হবে। এবারের বিষ্ণুপুর মেলার দিনগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিষয়ভিত্তিক অডিশন প্রক্রিয়া অনুষ্ঠিত হবে। অডিশনে অংশগ্রহণের জন্য বিষ্ণুপুর মেলার নির্ধারিত ওয়েবসাইট (www.bishnupurmela.com) এর মাধ্যমে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে। অন্য কোনো মাধ্যমে পাঠানো / কারো মারফৎ / সরাসরি আবেদন পত্র জমা নেওয়া হবে না। অডিশন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে নির্দিষ্ট দিনে সঠিক স্থানে নিজ উদ্যোগে উপস্থিত হতে হবে। কোন যাতায়াত ভাড়া / পারিশ্রমিক / টিফিন / আহার দেওয়া হবে না। প্রতিযোগিতার নির্ধারিত ফেসবুক পেজ **Bishnupur Mela 2024**, নির্ধারিত Website এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি অফিস বিষ্ণুপুর ও বিষ্ণুপুর পৌরসভা ও মহকুমা শাসক অফিস, বিষ্ণুপুরের নোটিস বোর্ড মারফৎ জানিয়ে দেওয়া হবে। সর্বক্ষেত্রে **বিভাগ - 'ক' - বয়স ১০ থেকে ১৫ বছর ## বিভাগ - 'খ' - বয়স ১৫ বছরের উর্দে (২৩.১২.২০২৪ অনুযায়ী)**। দলগত প্রতিযোগিতায় সর্বোচ্চ ১২ জন অংশগ্রহণ করতে পারবেন।

ঃ সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়সমূহ :

আবৃত্তি	সঙ্গীত (একক)	নৃত্য	যন্ত্রসঙ্গীত	যোগব্যায়াম	মুকান্ধিনয়
১) একক : ক / খ বিভাগ	১) আধুনিক : ক / খ বিভাগ ২) রবীন্দ্রসঙ্গীত : ক / খ বিভাগ ৩) নজরুলগীতি : ক / খ বিভাগ ৪) লোকগীতি : ক / খ বিভাগ ৫) ভক্তিগীতি : ক / খ বিভাগ ৬) শাস্ত্রীয়- <ul style="list-style-type: none">ধ্রুপদ: ক / খ বিভাগধামর: ক / খ বিভাগখেয়াল: ক / খ বিভাগঠুংরী: ক / খ বিভাগটপ্পা: ক / খ বিভাগ	১) শাস্ত্রীয় : ক / খ বিভাগ ২) লোকনৃত্য : দলগত (১৫ বছরের উর্দে) ৩) রবীন্দ্র নৃত্য : ক / খ বিভাগ ৪) রবীন্দ্র নৃত্য : দলগত (১৫ বছরের উর্দে) ৫) সৃজনশীল : দলগত (১৫ বছরের উর্দে)	একক: ক / খ বিভাগ	দলগত : (১৫ বছরের উর্দে)	একক : (১৫ বছরের উর্দে)

- ❖ বিষ্ণুপুর মেলা -২০২৪ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ **২০ ই নভেম্বর থেকে ২ ই ডিসেম্বর, ২০২৪** তারিখের মধ্যে বিষ্ণুপুর মেলার ওয়েবসাইটে গিয়ে (www.bishnupurmela.com) নির্দিষ্ট ফর্মে আবেদনপত্র দাখিল করতে পারবেন।
- ❖ বিষ্ণুপুরের ট্রেজারী সংলগ্ন রামশঙ্কর মুন্ডাঙ্গন ও ট্রেজারী ভবনের দোতলায় নির্ধারিত নির্ধারিত অনুযায়ী সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য অডিশন প্রক্রিয়া চলবে। নির্ধারিত ৫ ই ডিসেম্বর নির্দিষ্ট ওয়েবসাইট (www.bishnupurmela.com) এবং **Bishnupur Mela 2024** ফেসবুক পেজে প্রকাশ করা হবে। এছাড়াও মহকুমা শাসকের করণের নোটিশবোর্ডে, মহকুমা তথ্য ও সংস্কৃতি অফিস বিষ্ণুপুর ও বিষ্ণুপুর পৌরসভার নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।
- ❖ অডিশন আগামী **১১.১২.২০২৪ থেকে শুরু হয়ে ১৩.১২.২০২৪** তারিখ পর্যন্ত চলবে।
- ❖ অডিশনের সময় নিজস্ব বাদ্যযন্ত্র নিয়ে আসা যাবে।
- ❖ সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ❖ বিষ্ণুপুর মেলার অডিশনে যে কোনো একটি বিষয়ে অংশগ্রহণ করা যাবে। কোনোভাবেই একাধিক বিষয়ে অংশগ্রহণ করা যাবে না।
- ❖ ১০ বছরের নীচে কোনো প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে না।

স্বাঃ/-

মহকুমা শাসক, বিষ্ণুপুর ও
সদস্য সচিব, বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি
বিষ্ণুপুর, বাঁকুড়া



বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি
৩৭তম বিষ্ণুপুর মেলা - ২০২৪ (২৩ - ২৭ ডিসেম্বর)
স্থান- কে.জি.ই.আই., বিষ্ণুপুর এবং বিষ্ণুপুর হাইস্কুল প্রাঙ্গনে
বসে আঁকো প্রতিযোগিতা
তারিখ - ২৫/১২/২০২৪ ৪৪ স্থান - বিষ্ণুপুর মেলা প্রাঙ্গনের যদুভট্ট মঞ্চের সামনে



বসে আঁকো প্রতিযোগিতার বিজ্ঞপ্তি

আসন্ন ৩৭তম বিষ্ণুপুর মেলা- ২০২৪ উপলক্ষে বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটির উদ্যোগে এবারেও “বসে আঁকো প্রতিযোগিতা” অনুষ্ঠিত হবে। অঙ্কন শিক্ষার্থীদের উৎসাহিত করার লক্ষ্যে বিষ্ণুপুরের বিভিন্ন সরকারী-বেসরকারী বিদ্যালয় ও অঙ্কন প্রতিষ্ঠানগুলির ছাত্রছাত্রীদের নিয়ে এই ‘বসে আঁকো প্রতিযোগিতা’ আগামী ২৫ শে ডিসেম্বর ২০২৪ বেলা ১১ টায় বিষ্ণুপুর মেলা প্রাঙ্গনে অনুষ্ঠিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রার্থনা করি।

প্রতিযোগিতার বিষয়	শ্রেণী
যেমন খুশী আঁকো	ক বিভাগ : শিশুশ্রেণী থেকে দ্বিতীয় শ্রেণী পর্যন্ত
হস্তশিল্পে বিষ্ণুপুর	খ বিভাগ : তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী
বিষ্ণুপুরের লোক সংস্কৃতি	গ বিভাগ : ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী
বিষ্ণুপুর মেলা	ঘ বিভাগ : নবম শ্রেণী ও তদুর্ধে

নিয়মাবলী :-

- ১। আঁকার কাগজ কমিটি কর্তৃক সরবরাহ করা হবে। অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রতিযোগীকে সঙ্গে আনতে হবে।
- ২। প্রতিযোগিতায় আসার জন্য কোন যাতায়াত ভাড়া দেওয়া হবে না।
- ৩। বিষ্ণুপুর মেলায় যদুভট্ট মঞ্চ থেকে শংসাপত্র ও পুরস্কার বিতরণ করা হবে। পুরস্কার প্রদানের তারিখ ও স্থান প্রতিযোগিতার শেষে জানিয়ে দেওয়া হবে।
- ৪। নাম নথিভুক্ত করার জন্য বিদ্যালয়, অঙ্কন শিক্ষা কেন্দ্রের মাধ্যমে, প্রতিযোগী নিজে অথবা অভিভাবকের মাধ্যমে প্রতিযোগীর নাম, বয়স, শ্রেণী উল্লেখ করে নিচে উল্লেখিত ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।
- ৫। অনলাইনে আবেদন করার শেষ তারিখ ১৮/১২/২০২৪।
- ৬। আবেদনকারী সকল প্রতিযোগীকে অবশ্যই ২৫/১২/২০২৪ তারিখে বেলা ১১-০০ টার মধ্যে বিষ্ণুপুর মেলা প্রাঙ্গণে হাজির হতে হবে। সঙ্গে অবশ্যই অনলাইনে দরখাস্ত জমার রসিদ নিয়ে প্রতিযোগিতার স্থানে আসতে হবে।

<https://bishnupurmela.com>

স্বাঃ/-

মহকুমা শাসক, বিষ্ণুপুর ও
সদস্য সচিব, বিষ্ণুপুর মেলা ও উৎসব কমিটি
বিষ্ণুপুর, বাঁকুড়া।